গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
জাতীয় সমাজসেবা একাডেমি
ই-৮/বি-১, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.nass.gov.bd

## জুন ২০২৬-এর মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবুল ফজল মোহাম্মদ আমান উল্লাহ<br>অধ্যক্ষ (অতি. দা.), জাতীয় সমাজসেবা একাডেমি |
| সভার তারিখ ও সময় | : | ০৮ জুন ২০২৬, বিকাল ৩:০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ (বোদ্ধা), জাতীয় সমাজসেবা একাডেমি |
| উপস্থিত সদস্যদেগণের তালিকা | : | পরিশিষ্ট-'ক" |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম কাজ শুরু করা হয়। সভায় নিম্নোক্ত আলোচ্য সূচি অনুযায়ী একাডেমির সার্বিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনার পরিপ্রেক্ষিতে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | ৫৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | কোর্স গাইডলাইন অনুযায়ী ৫৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স যথাযথ ভাবে সমাপ্ত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়।<br>এ প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি মাননীয় সমাজকল্যাণ মন্ত্রী অধ্যাপক ড. আবু জাফর মোঃ জাহিদ হোসেন, এমপি'র বক্তব্যে একাডেমির বর্তমান অবকাঠামোগত সীমাবদ্ধতা ও সমাজসেবা অধিদপ্তরের ক্রমবর্ধমান কর্মসূচি বিবেচনায় একটি সয়ংসম্পূর্ণ প্রশিক্ষণ একাডেমি স্থাপনের লক্ষ্যে পূর্বাচল নতুন শহর প্রকল্পে প্রয়োজনীয় জমি বরাদ্দ প্রাপ্তির বিষয়ে অভিমত ও নির্দেশনা প্রদান করেন। তিনি বুনিয়াদি প্রশিক্ষণের প্রশিক্ষণার্থীদের একই ধরনের ব্লেজার প্রদান, প্রশিক্ষণ মডিউলে দুর্যোগ ব্যবস্থাপনায় সমাজসেবা অধিদপ্তরের ভূমিকা যুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া ট্রেনিং-এর শুরুতে ও শেষে মূল্যায়ন পদ্ধতি কার্যকরভাবে পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করেন।<br>সভায় এ বিষয়সমূহে বিস্তারিত আলোচনা করা হয়। | ১. পূর্বাচল নতুন শহর প্রকল্পে প্রয়োজনীয় জমি বরাদ্দ প্রাপ্তির নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের মডিউল হালনাগাদের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. প্রশিক্ষণার্থীদের ব্লেজার প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২. | জার্নাল প্রকাশ | জাতীয় সমাজসেবা একাডেমির প্রভাষক নুরুল আমিন সভায় অবহিত করেন যে, ২০২৫-২৬ অর্থবছরে ১৮ টি গবেষণা প্রস্তাব পাওয়া গিয়েছে। প্রাপ্ত প্রস্তাবসমূহ হতে বিধি মোতাবেক যাচাই-বাছাইয়ের মাধ্যমে জার্নাল প্রকাশের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১. বিধি মোতাবেক যাচাই-বাছাইয়ের মাধ্যমে অবিলম্বে জার্নাল প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| ৩. | ২০২৫-২৬ অর্থবছরে অপরিশোধিত ব্যয় | ২০২৫-২৬ অর্থ বছরে এ পর্যন্ত অপরিশোধিত ব্যয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১. ২০২৫-২৬ অর্থ বছরের অপরিশোধিত ব্যয় নির্দিষ্ট সময়ে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৪. | সমাজকর্ম বিষয়ক প্রফেশনাল কোর্স প্রবর্তন সংক্রান্ত সেমিনার আয়োজন | জাতীয় সমাজসেবা একাডেমির সহকারী পরিচালক সভায় অবহিত করেন যে, গত ০৯ ফেব্রুয়ারি, ২০২৬ সমাজকর্ম বিষয়ক বিশেষ প্রফেশনাল কোর্স প্রবর্তন সংক্রান্ত সেমিনারের পত্র জারী করা হয়েছিল। জাতীয় সংসদ নির্বাচন সামনে থাকায় সেমিনারটি স্থগিত করা হয়েছে। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সেমিনারটি শুরু করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১. সমাজকর্ম বিষয়ক বিশেষ প্রফেশনাল কোর্স প্রবর্তন সংক্রান্ত সেমিনার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৫. | শর্টকোর্স (e-GP TOT) প্রশিক্ষণ আয়োজন | জাতীয় সমাজসেবা একাডেমির সহকারী পরিচালক সভায় অবহিত করেন যে, e-GP বিষয়ক TOT প্রশিক্ষণ সংক্রান্ত প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১. e-GP বিষয়ক TOT প্রশিক্ষণ পর্যায়ক্রমে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮.৬.২৬

(আবুল ফজল মোহাম্মদ আমান উল্লাহ)
অধ্যক্ষ (অতি. দা.)
ফোন : ০২-৫৫০০৭০২১
ই-মেইল : pri.nass@dss.gov.bd

নম্বর : ৪১.০১.০০০০.০১৮.০৬.০০১.২০.৮৫৭

তারিখ : ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৮ জুন ২০২৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. প্রভাষক (সকল), জাতীয় সমাজসেবা একাডেমি।
৪. প্রশাসনিক কর্মকর্তা/অফিস সহকারী/হিসাব সহকারী/ইউনিয়ন সমাজকর্মী/পরিচ্ছন্নতাকর্মী/অফিস সহায়ক/মালী।
৫. জনাব..................................................................
৬. অফিস কপি

০৮/০৬/২৬

(মোহাম্মদ ফরহাদ হোসেন ভূঞা)
সহকারী পরিচালক